তাং 24 MAY 2004
পৃষ্ঠা ২৫ কলাম ৪

যুগান্তর

# মাধ্যমিক স্কুলে সেমিস্টার পদ্ধতি চালু হচ্ছে

যুগান্তর রিপোর্ট

আগামী বছর সারাদেশের মাধ্যমিক স্কুলগুলোতে সেমিস্টার পদ্ধতি চালু হবে। এ বছরের জুন থেকে অর্ধশত স্কুলে এ পদ্ধতি চালু হচ্ছে। শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম গতকাল শিক্ষকদের এক সভায় এ তথ্য জানিয়েছেন।

নিউজিল্যান্ড ও অস্ট্রেলিয়ার আদলে শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজাতে এ উদ্যোগ নেয়া হয়েছে। এতে বিষয়ভিত্তিক ৩০ নম্বর শিক্ষা

চালু : পৃষ্ঠা ১৫ : কলাম ১

## চালু : হচ্ছে

(শেষ পৃষ্ঠার পর)

ও সহশিক্ষা কার্যক্রম মূল্যায়নের জন্য এবং ৭০ নম্বর চূড়ান্ত পরীক্ষার জন্য বিভক্ত থাকবে। পরে এটা ৫০ ও ৫০ নম্বর করা হবে।

তবে পাইলট প্রকল্পের আওতায় প্রাথমিকভাবে কোন্ কোন্ স্কুল ও শ্রেণীতে সেমিস্টার পদ্ধতি চালু হবে সে ব্যাপারে শিক্ষা সচিব ও শিক্ষা প্রতিমন্ত্রীর কাছ থেকে ভিন্ন তথ্য পাওয়া গেছে। শিক্ষা সচিব বলেছেন, প্রাথমিকভাবে রাজধানীর ৫০টি স্কুলে এবং ষষ্ঠ থেকে নবম শ্রেণীতে এ পদ্ধতি চালু হবে। অন্যদিকে শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহছানুল হক মিলন বলেছেন, মহানগরী ও জেলা সদরের ৫০টি স্কুল এ জন্য বাছাই করা হবে এবং অষ্টম, নবম ও দশম শ্রেণীতে এ পদ্ধতি চালু করা হবে।

শিক্ষা প্রতিমন্ত্রী জানালেন, আসলে স্কুল ও কলেজ কর্তৃপক্ষই তাদের শিক্ষার্থীদের সার্টিফিকেট দেবে এবং জিআরই, স্যাটের মতো পাবলিক পরীক্ষার মাধ্যমে সরকার তাদের মূল্যায়ন করবে– এ লক্ষ্যেই আমরা এগুচ্ছি। তবে এজন্য শিক্ষকদের আরও দক্ষ করে গড়ে তুলতে হবে। তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।